

## সিয়াম বিষয়ক নির্বাচিত ফাতওয়া

বিভাগ/অধ্যায়ঃ মাসজিদে নারীদের ই'তিকাফ রচয়িতা/সঙ্কলকঃ ইসলাম কিউ এ (Islamqa.com)

একজন নারীর জন্য রমযানের শেষ দশদিনে ই'তিকাফ করা জায়েয কি না?

ফাত্ওয়া নং - 37698

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

হ্যাঁ, একজন নারীর জন্য রমযানের শেষ দশদিনে ই'তিকাফ করা জায়েয।

বরং ই'তিকাফ নারী এবং পুরুষ উভয়ের জন্যই সুন্নাত এবং উম্মাহাতুল মু'মিনীন রাদিয়াল্লাহু 'আনহুন্না নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবদ্দশায় ই'তিকাফ করেছেন এবং তিনি মারা যাওয়ার পরও ই'তিকাফ পালন করেছেন।

ইমাম আল-বুখারী (২০২৬) এবং মুসলিম (১১৭২), নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের স্ত্রী 'আয়েশাহ্ রাদিয়াল্লাহু 'আনহা থেকে বর্ণনা করেছেন যে :

«أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَعْتَكِفُ الْعَشْرَ الأَوَاخِرَ مِنْ رَمَضَانَ حَتَّى تَوَقَّاهُ اللَّهُ ، ثُمَّ اعْتَكَفَ أَزْوَاجُهُ مِنْ بَعْدهِ»

"নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহ তাঁকে মৃত্যু দানের আগ পর্যন্ত রমযানের শেষ দশদিন ই'তিকাফ পালন করতেন, তারপর তাঁর স্ত্রীগণ ই'তিকাফ পালন করতেন।"

'আউন আল-মা'বৃদ গ্রন্থে বলা আছে-

"এতে দলীল পাওয়া যায় যে ই'তিকাফের ক্ষেত্রে নারীরা পুরুষদের সমতুল্য।"

শাইখ 'আবদুল-আযীয ইবনু বায (আল্লাহ তাঁর উপর দয়া প্রদর্শন করুন) বলেছেন :

'ই'তিকাফ নারী এবং পুরুষ উভয়ের জন্য সুন্নাত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে প্রমাণিত হয়েছে যে তিনি রমযানে ই'তিকাফ পালন করতেন এবং সবশেষে তাঁর ই'তিকাফ শেষ দশদিনে স্থির হয় এবং তাঁর কিছু স্ত্রীগণও তাঁর সাথে ই'তিকাফ পালন করতেন। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের (মৃত্যুর) পর তাঁর স্ত্রীগণ ই'তিকাফ পালন করতেন। আর ই'তিকাফের জায়গা হচ্ছে মাসজিদসমূহ; যেখানে জামা'আতের সালাত আদায় করা হয়।"

(ইন্টারনেটে শাইখ ইবনু বাযের ওয়েবসাইট থেকে নেয়া হয়েছে।)

আল্লাহই সবচেয়ে ভালো জানেন।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন